**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
প্রধান কার্যালয়
সেক্রেটারিজ ডিভিশন
৮, রাজউক অ্যাভিনিউ, ঢাকা-১০০০।

# বিজ্ঞপ্তি

আইসিবি'র সম্মানিত শেয়ারমালিকগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইসিবি'র ৫০তম বার্ষিক সাধারণ সভা যথাসময়ে অনুষ্ঠানের লক্ষ্যে ইতোমধ্যে কাজ শুরু হয়েছে। আইসিবি'র সম্মানিত শেয়ারমালিকগণকে তাঁদের স্ব-স্ব বিও অ্যাকাউন্টে উল্লেখিত ব্যাংকের নাম, শাখার নাম, ব্যাংক অ্যাকাউন্ট নম্বর, রাউটিং নম্বর, রিটার্ন দাখিলের প্রমাণক(Proof of Submission of Return), যোগাযোগের ঠিকানা এবং ইমেইল সংক্রান্ত সঠিক তথ্য স্ব-স্ব বিও হিসাবে হালনাগাদ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়া, যে সকল শেয়ারমালিক এখনও কাগুজে শেয়ার ডিম্যাট করেননি তাঁদেরকে অবিলম্বে আইসিবি শেয়ারসমূহ ডিম্যাট করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য যে, শেয়ার ডিম্যাট না করার কারণে বিভিন্ন অর্থবছরে আইসিবি কর্তৃক ঘোষিত বোনাস শেয়ারসমূহ আইসিবি'র সাসপেন্স বিও অ্যাকাউন্টে সংরক্ষিত রয়েছে। শেয়ারমালিকগণের বোনাস শেয়ারসমূহ স্ব-স্ব বিও হিসাবে ক্রেডিট করার জন্য তাঁদের বিও হিসাব নম্বর হালনাগাদ করা প্রয়োজন।

২। আরও উল্লেখ্য, যে সকল শেয়ারমালিক ইতোমধ্যে তাঁদের শেয়ার ডিম্যাট করেছেন কিন্তু বোনাস শেয়ার বিও হিসাবে ক্রেডিটের জন্য আবেদন করেননি, সে সকল শেয়ারমালিক-কে আবেদনপত্রসহ তাঁদের বিও হিসাব নম্বর আইসিবিতে সরবরাহ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। বিষয়টি অতীব জরুরি।

**(রুখসানা ইয়াসমিন)**
**বোর্ড সচিব**
ফোন নং-০২৪১০৫৮৫০৪
ই-মেইলঃ dgm_secretary@icb.gov.bd

**তারিখ: ০৪/০৮/২০২৬**